

বিমানের আন্তর্জাতিক রুটের টিকেটে ১৫ শতাংশ মূল্য ছাড়

- A Monitor Desk Report

Date: 18 September, 2024



ঢাকাঃ নির্দিষ্ট কয়েকটি আন্তর্জাতিক রুটের ফ্লাইটের টিকেটে ১৫ শতাংশ ছাড় দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। ১১তম এশিয়ান ট্যুরিজম ফেয়ার-২০২৪ উপলক্ষে বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) থেকে ২১ সেপ্টেম্বর পর্যন্ত কাটা টিকেটে এই ছাড় পাওয়া যাবে।

মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) এক প্রেস বিজ্ঞপ্তিতে বিমানের মহাব্যবস্থাপক-জনসংযোগ বোসরা ইসলাম এ তথ্য জানান।

তিনি জানান, মেলা চলাকালে টরন্টো, ম্যানচেস্টার, সিঙ্গাপুর, ব্যাংকক, চেন্নাই, নারিতা, গুয়াঞ্জু, কাঠমান্ডু, কোলকাতা এবং দিল্লি রুটের ফ্লাইটে এই ছাড় পাওয়া যাবে।



আগামী বৃহস্পতিবার থেকে ঢাকায় শুরু হচ্ছে ১১তম এশিয়ান ট্যুরিজম ফেয়ার-২০২৪। মেলা চলবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। এই তিনদিন ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায় প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে এই মেলা।

বর্তমানে বিমান দেশের অভ্যন্তরীণ সব রুটসহ আন্তর্জাতিক রুটে রোম, আবুধাবি, ব্যাংকক, গুয়াঞ্জু, কোলকাতা, দিল্লি, দাম্মাম, দোহা, নারিতা, দুবাই, চেন্নাই, টরন্টো, জেদ্দা, কাঠমান্ডু, কুয়েত, লন্ডন, কুয়ালালামপুর, ম্যানচেস্টার, ওমান, মদিনা, রিয়াদ, শারজাহ, সিঙ্গাপুরে ফ্লাইট পরিচালনা করে।

-B